গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
www.shniyd.gov.bd

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৫ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>ও<br>সভাপতি, নির্বাহী কাউন্সিল |
| তারিখ | : | ২১-০৬-২০২৩খ্রি. |
| সময় | : | বেলা ১০:৩০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সূচনা বক্তব্যে উল্লেখ করেন, মাননীয় প্রধান মন্ত্রী'র নামের এই প্রতিষ্ঠানকে Centre of Excellence হিসেবে গড়ে তোলার জন্য মন্ত্রণালয় থেকে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তিনি মানসম্মত শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং ইনস্টিটিউটের কার্যক্রমে সম্মানিত কাউন্সিল সদস্যদের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

অতঃপর সভাপতি শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ও কাউন্সিল এর সদস্য সচিব জনাব মোঃ নজরুল ইসলাম, অতিরিক্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব আলোচ্যসুচি পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। সভার নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **বিগত ৪র্থ সভার কার্যবিবরণী অনুমোদনঃ**<br>শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৪র্থ সভা বিগত ১৯-১২-২০২২ তারিখ সকাল ১১.০০টায় ইনস্টিটিউট এর সম্মেলন কক্ষে, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও নির্বাহী কাউন্সিল এর সভাপতি জনাব মেজবাহ উদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। ৪র্থ সভার কার্যবিরণী সম্মানিত সদস্যগণের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো। | কোনরূপ সংযোজন/ সংশোধনী প্রস্তাব না থাকায় ৪র্থ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল |
| ০২. | **বিগত ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিঃ**<br>সদস্য সচিব সভায় ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার সময় জনাব মোঃ আতাউর রহমান, যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় উল্লেখ করেন যে, বিগত সভার ৪নং এবং ৫নং আলোচ্য বিষয়ের সিদ্ধান্তে ইনস্টিটিউটে ০১ জন খন্ডকালীন | বিগত সভার সিদ্ধান্ত ৫ ও ৬ এর প্রেক্ষিতে অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে খন্ডকালীন ডাক্তার, ইমাম ও মোয়াজ্জিন নিয়োগের প্রক্রিয়া পর্যালোচনা করে | - |



CamScanner

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | চিকিৎসক, ০১ জন ইমাম ও ০১ জন মোয়াজ্জিন নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং সিদ্ধান্ত ০২টি ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। এ বিষয় তিনি আরও উল্লেখ করেন, উল্লিখিত পদসমূহ অনুমোদিত অর্গানোগ্রামে অন্তর্ভুক্ত না থাকলে ভবিষ্যতে অডিট আপত্তি হতে পারে। সভায় এ বিষয় আলোচনা করা হয় এবং অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে খন্ডকালীন ডাক্তার, ইমাম ও মোয়াজ্জিন নিয়োগের প্রক্রিয়া পর্যালোচনা পূর্বক পরবর্তী সভায় সুনির্দিষ্ট প্রস্তাবসহ উপস্থাপন করার বিষয়ে সবাই একমত পোষণ করেন। | নিয়োগের বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ০৩. | **ইনস্টিটিউট এর লোগো নির্বাচনঃ**<br>সদস্য সচিব সভায় জানান যে, ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক জাতীয় দৈনিক 'আমাদের সময়' ও 'দৈনিক যুগান্তর' পত্রিকায় ইনস্টিটিউট এর লোগো আহবান করে গত ২৪ আগস্ট ২০২২ একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।<br>সে প্রেক্ষিতে, (১) জনাব কাজী মোঃ মহসিন, সহকারী অধ্যাপক, চারুকলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, (২) জনাব মোঃ সাইফুল্লাহ সাইফ, লোগো ডিজাইনার এবং (৩) জনাব সুদর্শন বাছার, লোগো ডিজাইনার ০৩(তিন)টি লোগোর ডিজাইন দাখিল করেছেন।<br>এছাড়া আরো কিছু লোগোর ডিজাইন বর্তমান মহাপরিচালকের মাধ্যমে ব্যক্তিগতভাবে দেশের স্বনামধন্য প্রতিষ্ঠান হতে সংগ্রহ করা হয়েছে।<br>সভায় লোগোসমূহ উপস্থাপন করা হয়। উপস্থাপিত লোগোসমূহ সভায় পর্যালোচনা করা হয়। সদস্য সচিব সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর নামে এই প্রতিষ্ঠানের উপদেষ্টা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী। তিনি বলেন, লোগো নির্বাচন চূড়ান্ত করার বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী ও প্রয়োজনে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণের বিষয়টি বিবেচনা করা প্রয়োজন।<br>সভায় উপস্থাপিত লোগোসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয় এবং কাজী মোঃ মহসিন, সহকারী অধ্যাপক, চারুকলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও বিশিষ্ট চিত্র শিল্পী আনিসুজ্জামান সোহেল কর্তৃক দাখিলকৃত লোগোসমূহের মধ্য থেকে ০৩ নম্বর লোগোটি প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। নির্বাচিত লোগো দুটির মধ্য থেকে মাননীয় প্রতিমন্ত্রী এবং নির্বাহী কাউন্সিল এর সম্মানিত উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবলোকন করে ইনস্টিটিউটের লোগো নির্বাচন চূড়ান্ত করার বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন। | (১) কাজী মোঃ মহসিন, সহকারী অধ্যাপক, চারুকলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃক দাখিলকৃত একটি ও বিশিষ্ট চিত্র শিল্পী আনিসুজ্জামান সোহেল কর্তৃক দাখিলকৃত লোগোসমূহের মধ্য থেকে ০৩ নম্বর লোগোসহ মোট দুইটি লোগো প্রাথমিকভাবে নির্বাচন করা হলো।<br>(২) নির্বাচিত লোগো দুটির মধ্য থেকে মাননীয় প্রতিমন্ত্রী, প্রয়োজনে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ করে ইনস্টিটিউটের লোগো নির্বাচন চূড়ান্ত করা হবে। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল |

CamScanner

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৪. | **১ম ও ২য় শ্রেণির (গ্রেড ৯ম-১০ম) কর্মকর্তাদের নিয়োগ কমিটির সুপারিশমালা অনুমোদন:**<br>সদস্য সচিব সভায় জানান যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর সাংগঠনিক কাঠামো অনুযায়ী জাতীয় বেতন স্কেলের (১) ৯ম গ্রেডে সহকারী পরিচালক পদে ০৪টি, (২) প্রভাষক পদে ০৫টি বিভিন্ন ক্যাটাগরির ০১টি করে মোট ০৫টি, এবং ১০ম গ্রেডে (১) ইন্সট্রাক্টর পদে ০৮টি ক্যাটাগরির ১১টি, (২) উপসহকারী প্রকৌশলী পদে ০১টি ও (৩) সহকারী হোস্টেল সুপারিনটেনডেন্ট ০১টিসহ সর্বমোট ২২টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে গত ১৭ জুলাই ২০২২ ছাড়পত্র পাওয়া যায়।<br>নির্বাহী কাউন্সিল এর বিগত ৩য় সভায় গত ০৫ জুলাই ২০২২ জনবল নিয়োগ সংক্রান্ত কমিটিসমূহ অনুমোদন করা হয় ।<br>সেমতে গত ২৪ আগস্ট ২০২২ দৈনিক যুগান্তর ও আমাদের সময় পত্রিকায় যথারীতি নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বর্ণিত শূন্য পদের অনুকূলে টেলিটকের মাধ্যমে মোট ৬৪২১ টি আবেদন পত্র গ্রহণ করা হয়।<br>উক্ত ১ম ও ২য় শ্রেণির লিখিত পরীক্ষা গত ২০ মে ২০২৩ বেলা ১১:০০টা থেকে দুপুর ১২:৩০ টা পর্যন্ত সাভারে অবস্থিত (১) ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ (২) সেনা পাবলিক স্কুল এন্ড কলেজ (৩) ক্যান্টনমেন্ট বোর্ড বালিকা উচ্চ বিদ্যালয় (৪) ক্যান্টনমেন্ট বোর্ড বালক উচ্চ বিদ্যালয় ও (৫) মর্নিং গ্লোরি স্কুল এন্ড কলেজ সমূহে সুষ্ঠুভাবে গ্রহণ করা হয়। উক্ত পরিক্ষায় বিভিন্ন পদে মোট ২৮০২ জন পরিক্ষার্থী অংশগ্রহণ করে। লিখিত পরিক্ষার খাতাসমূহ নিয়োগ কমিটির তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের দ্বারা (কোডিং, ডিকোডিং ভিত্তিতে) মুল্যায়ন করা হয় এবং যথারীতি টেবুলেশন সম্পন্ন করা হয়।<br>লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা যথাক্রমে (১) সহকারী পরিচালক পদে গত ০১ জুন ২০২৩ (২) প্রভাষক (আইসিটি), ইন্সট্রাক্টর (আইসিটি), সহকারী হোস্টেল সুপারিনটেনডেন্ট পদে ০২ জুন ২০২৩ (৩) প্রভাষক (ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি), ইন্সট্রাক্টর (ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি), প্রভাষক (হর্টিকালচার) ও ইন্সট্রাক্টর (কৃষি) পদে ০৩ জুন ২০২৩ (৪) প্রভাষক (কমিউনিকেটিভ ইংলিশ ল্যাংগুয়েজ), ইন্সট্রাক্টর (কমিউনিকেটিভ ইংলিশ ল্যাংগুয়েজ), প্রভাষক (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট) ও ইন্সট্রাক্টর (ফিশারিজ) পদে ০৪ জুন ২০২৩ এবং (৫) ইন্সট্রাক্টর | ১ম ও ২য় শ্রেণির (গ্রেড ৯ম-১০ম) কর্মকর্তাদের নিয়োগ কমিটির সুপারিশমালা অনুমোদন করা হলো এবং এ বিষয়ে প্রবিধানমালা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাপরিচালক<br>ও<br>সদস্য সচিব<br>নির্বাহী<br>কাউন্সিল |



CS CamScanner

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং), ইন্সট্রাক্টর (অটোমোবাইল), ইন্সট্রাক্টর (ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন) ও উপসহকারী প্রকৌশলী পদে ০৫ জুন ২০২৩ অনুষ্ঠিত হয়।<br>১০ জুন ২০২৩ উক্ত ১ম ও ২য় শ্রেণির নিয়োগ কমিটির চূড়ান্ত সভা অনুষ্ঠিত হয় এবং এ সংক্রান্ত নিয়োগের বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করা হয়, যা সদয় অনুমোদনের জন্য উপস্থাপণ করা হয়।<br>নিয়োগ কমিটির ১০/০৬/২০২৩ তারিখের সভার সুপারিশসমূহ সভায় আলোচনা করা হয় এবং সুপারিশসমূহ অনুমোদনের বিষয়ে সকলে একমত পোষণ করেন। | | |
| ০৫. | **৩য় ও ৪র্থ শ্রেণি (গ্রেড ১১তম-২০তম) কর্মচারীদের নিয়োগ কমিটির সুপারিশমালা অনুমোদন:**<br>সদস্য সচিব সভায় জানান যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ৩য় ও ৪র্থ শ্রেণির (১) ব্যক্তিগত সহকারী ০২টি, (২) সহকারী লাইব্রেরীয়ান ০১টি, (৩) হিসাব রক্ষক ০১টি, (৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ০৪টি, (৪) স্টোর কিপার ০১টি, (৫) হিসাব সহকারী ০১টি ও (৬) অফিস সহায়ক ০৫টিসহ মোট ০৭টি ক্যাটাগরির নিয়োগযোগ্য পদের সংখ্যা মোট ১৫টি। এ সকল পদে প্রাপ্ত মোট আবেদনকারীর সংখ্যা ২৬৭৯ জন।<br>গত ১২ জুন ২০২৩ উল্লিখিত পদসমূহে নিয়োগের জন্য লিখিত পরীক্ষা সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজে গ্রহণ করা হয়। ৩য় ও ৪র্থ শ্রেণির বিভিন্ন পদে সর্বমোট ৫৬০ জন পরীক্ষার্থী লিখিত পরিক্ষায় অংশ গ্রহণ করে। লিখিত পরিক্ষার খাতাসমূহ নিয়োগ কমিটির তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের দ্বারা (কোডিং, ডিকোডিং ভিত্তিতে) মুল্যায়ন করা হয় এবং যথারীতি টেবুলেশন সম্পন্ন করা হয়।<br>লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে (১) 'ব্যক্তিগত সহকারী' ও 'অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গত ২৮ মে ২০২৩ এবং (২) সহকারী লাইব্রেরীয়ান, হিসাব রক্ষক, স্টোর কিপার, হিসাব সহকারী ও অফিস সহায়ক পদের মৌখিক পরীক্ষা গত ২৯ মে ২০২৩ গ্রহণ করা হয়।<br>৩১ মে ২০২৩ উক্ত ৩য় ও ৪র্থ শ্রেণি নিয়োগ কমিটির সভা অনুষ্ঠিত হয় এবং সভায় এ সংক্রান্ত নিয়োগের বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করা হয়, যা সদয় অনুমোদনের জন্য উপস্থাপণ করা হল।<br>নিয়োগ কমিটির ১২/০৬/২০২৩ তারিখের সভার সুপারিশসমূহ | ৩য় ও ৪র্থ শ্রেণির (গ্রেড ১১তম-২০তম) কর্মচারীদের নিয়োগ কমিটির সুপারিশমালা অনুমোদন করা হলো এবং এ বিষয়ে প্রবিধানমালা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাপরিচালক<br>ও<br>সদস্য সচিব<br>নির্বাহী<br>কাউন্সিল |



CamScanner

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সভায় আলোচনা করা হয় এবং সুপারিশসমূহ অনুমোদনের বিষয়ে সকলে একমত পোষণ করেন। | | |
| ০৬. | **নিয়োগ সম্পর্কিত আয়-ব্যয়ের হিসাব অনুমোদন:**<br>সদস্য সচিব সভায় জানান যে, নিয়োগ সম্পর্কিত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে পরীক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত হারে ফি টেলিটকের মাধ্যমে গ্রহণ করা হয়। আদায়কৃত মোট অর্থের পরিমাণ ৪০,১৪,২০০/- (চল্লিশ লক্ষ চৌদ্দ হাজার দুইশত) টাকা। নিয়োগ সম্পর্কিত কার্যক্রমে এ পর্যন্ত মোট ব্যয় ২৯,০৬,৭৮৮/- (উনত্রিশ লক্ষ ছয় হাজার সাতশত আটাশি) টাকা। উল্লিখিত আয়-ব্যয়ের হিসাব সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো।<br>এ বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং নিয়োগ সম্পর্কিত আয়-ব্যয়ের হিসাব অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | নিয়োগ সম্পর্কিত আয়-ব্যয়ের হিসাব অনুমোদন করা হলো। | মহাপরিচালক ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল |
| ০৭. | **ইনস্টিটিউটের গবেষণা নীতিমালা অনুমোদন:**<br>সভায় সদস্য সচিব জানান যে, যুব উন্নয়ন ও সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা সম্পন্ন করা অত্র ইনস্টিটিউটের অন্যতম ম্যান্ডেট। কিন্তু ইতোপুর্বে এ সংক্রান্ত কোন নীতিমালা প্রণীত হয়নি। তবে গবেষণা চলমান রয়েছে।<br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদিত বিসিএস প্রশাসন একাডেমি গবেষণার নীতিমালা সংগ্রহ করে সে আলোকে অত্র ইনস্টিটিউটের জন্য একটি খসড়া নীতিমালা প্রনয়ণ করা হয় এবং অনানুষ্ঠানিক ভাবে এ বিষয়ে অংশীজনের মতামত গ্রহণ করাহয়।<br>গবেষণা নীতিমালাটি সদয় অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়।<br>এ বিষয়ে আলোচনায় অধ্যাপক ড. জেবউন নেছা, লোক প্রশাসন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বলেন, উপস্থাপিত গবেষণার নীতিমালাটি আরও পরীক্ষা-নিরীক্ষা করে পরিশোধন ও পরিমার্জন করার সুযোগ রয়েছে। তিনি এ বিষয়ে একটি সাব কমিটি গঠন করে কমিটির মাধ্যমে খসড়া গবেষণা নীতিমালাটি আরও পরীক্ষা-নিরীক্ষা করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। একটি সাব-কমিটি গঠন করে খসড়া গবেষণা নীতিমালা পরীক্ষা-নিরীক্ষা করে পূনরায় উপস্থাপনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | খসড়া গবেষণা নীতিমালা নিম্নলিখিত সাব কমিটির মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষা করে পরিমার্জন/পরিশোধন করতে হবে। সাব কমিটি আগামী ০১ মাসের মধ্যে তাদের প্রতিবেদন দাখিল করবে।<br>সাব-কমিটি<br>(১) রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট- আহবায়ক<br>(২) অধ্যাপক ড. জেবউন নেছা, লোক প্রশাসন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়- সদস্য<br>(৩) প্রতিনিধি বিপিএটিসি, সাভার, ঢাকা-সদস্য<br>(৪) উপপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট- সদস্য সচিব<br>কমিটি প্রয়োজনে সদস্য কোঅপ্ট করতে পারবে। | রেজিস্ট্রার শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |



CamScanner

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৮. | **ইনস্টিটিউটের প্রশিক্ষণ ক্যালেন্ডার (২০২৩-২৪ অর্থ বছর) অনুমোদন:**<br>সভায় ইনস্টিটিউটের আগামী ২০২৩-২৪ অর্থ বছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার উপস্থাপন করা হয়।<br>এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করে জনাব মোঃ শাহীনুর রহমান, এমডিএস, বিপিএটিসি উল্লেখ করেন যে, বিভিন্ন ব্যবসায়িক সংগঠন, শিল্প সংস্থার প্রয়োজনে সমন্বয় রেখে প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণের বিষয়সমূহ অন্তর্ভূক্ত করা হলে প্রশিক্ষণসমূহ আরো কার্যকর হবে।<br>২০২৩-২৪ অর্থ বছরের প্রশিক্ষণ ক্যালেন্ডারের বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং তা অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করেন। | (১) ইনস্টিটিউটের ২০২৩-২৪ অর্থ বছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুমোদন করা হলো।<br>(২) বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের এবং শিল্প সংস্থার সাথে যোগাযোগের মাধ্যমে নতুন নতুন প্রশিক্ষণ কোর্স অন্তর্ভূক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল |
| ০৯. | **বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এন আই এল জি) এবং অনুরূপ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর:**<br>সভায় জানানো হয় যে, ইনস্টিটিউটের প্রশিক্ষণ, গবেষণা কার্যক্রম ও সক্ষমতা বৃদ্ধি এবং সরকারী, সায়ত্বশাসিত বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে আন্তঃযোগাযোগ বৃদ্ধির লক্ষ্যে **বিপিএটিসি, এন আই এল জি এবং অনুরূপ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে** সমঝোতা স্মারক স্বাক্ষর থাকা সমীচীন। ইতোপূর্বে এরূপ কোনরূপ সমোঝতা স্মারক স্বাক্ষরিত হয়নি।<br>সভায় এ বিষয়ে আলোচনা করা হয় এবং সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয় সবাই একমত পোষণ করেন। | ইনস্টিটিউটের প্রশিক্ষণ, গবেষণা কার্যক্রম ও সক্ষমতা বৃদ্ধি এবং সরকারী, সায়ত্বশাসিত বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে আন্তঃযোগাযোগ বৃদ্ধির লক্ষ্যে বিপিএটিসি, এন আই এল জি এবং অনুরূপ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে। | মহাপরিচালক ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল |
| ১০. | **ইনস্টিটিউটে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ:**<br>সদস্য সচিব সভায় জানান যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের পাওয়ার হাউজের এইচ টি (হাই টেনশন) সুইচ গিয়ারটি ইলেক্ট্রিক সর্ট সার্কিট হয়ে (৬৩০ এম্পিয়ার ভিসিবি) গত ১০ এপ্রিল ২০২১ পুড়ে অকেজো হয়ে যায় এবং যা অদ্যাবধি অচল রয়েছে।<br>এইচ টি সুইচ গিয়ারটি অকেজো থাকার কারণে সমুদয় বৈদ্যুতিক লোড সরাসরি ট্রান্সফরমার এর উপর পড়ে যা অত্যন্ত ঝুকিপূর্ণ। এর ফলে যে কোন সময়ে মারাত্বক বৈদ্যুতিক বিপর্যয়ের আশংকা রয়েছে, যা জাতীয় গ্রিডকে বিপর্যয় করতে পারে।<br>এ ছাড়া বৈদ্যুতিক নিজস্ব সাব স্টেশনের ট্রান্সফরমার এ লিকেজ থাকার কারণে ট্রান্সফরমার অয়েল উপচে পড়ে, যা মেরামত করা | ইনস্টিটিউটে বিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিত করার স্বার্থে বিদ্যুতের ত্রুটিসমূহ বাজেট বরাদ্দ হতে, প্রয়োজনে অতিরিক্ত বরাদ্দ গ্রহণ করে সরকারী বিধি-বিধান অনুসরণ করে মেরামত করতে হবে।<br><br>জরুরী প্রয়োজনে বিদ্যুৎ সমস্যা দুর করতে যে সকল পদক্ষেপ গ্রহণ করা সমীচীন তা দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল |



CamScanner

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | জরুরী প্রয়োজন।<br>ফলে বৈদ্যুতিক পি এফ আই এর মান সঠিকভাবে নির্দেশ না করায় উপরোক্ত বিষয়ে গত ০২ জুন ২০২৩ বর্তমান মহাপরিচালকের বিশেষ অনুরোধের প্রেক্ষিতে ইনস্টিটিউটের বৈদ্যুতিক প্রোভাইডার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর এজিএম জনাব আব্দুল হাকিম এর নেতৃত্বে একটি বিশেষ টীম বিষয়টি সরেজমিনে পরিদর্শন করেন এবং তাঁদের মতামতের ভিত্তিতে এ বিষয়ে একটি প্রতিবেদন সংগ্রহ করা হয়। উল্লিখিত প্রতিবেদন প্রস্তাবনা অনুযায়ী ইনস্টিটিউটের পাওয়ার হাউজটি মেরামত করা একান্ত জরুরী।<br>সদস্য সচিব আরও জানান যে, এ কাজে আনুমানিক ব্যয় ৫০-৬০ লক্ষ টাকার মত হতে পারে মর্মে ধারণা পাওয়া গেছে। তবে আগামী অর্থ বছরের (২০২৩-২৪) বাজেটে এ সংক্রান্ত কোন বরাদ্দ প্রস্তাব রাখা হয়নি। অতীব জরুরী বিবেচনায় আন্তঃখাত সমন্বয়/ইনস্টিটিউটের সঞ্চিত হতে এ সংক্রান্ত ব্যয় সরকারী ক্রয়ের নির্ধারিত বিধান (প্রযোজ্য ক্ষেত্রে পিডিবি কিংবা অনুরূপ প্রতিষ্ঠানের মাধ্যমে ডিপিএম পদ্ধতিতে) অনুসরণ পূর্বক নির্বাহ করা যেতে পারে। পরবর্তীতে বিশেষ/সম্পূরক বরাদ্দের মাধ্যমে তা সমন্বয় করা যেতে পারে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিদ্যুতের উল্লিখিত ত্রুটিসমুহ বাজেট বরাদ্দ হতে, প্রয়োজনে অতিরিক্ত বরাদ্দ গ্রহণ করে সরকারী বিধি-বিধান অনুসরণ করে মেরামত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | | |
| ১১. | **বিবিধ:** (১) সদস্য সচিব সভায় জানান যে, ইনস্টিটিউটের জন্য অতিরিক্ত পাওয়া ৩.৩৮ একর জায়গার আগাছা পরিষ্কার করা এবং পরিকল্পনা মাফিক ফলদ ও দৃষ্টিনন্দন বৃক্ষরোপণ করা সমীচীন। এ সংক্রান্ত ব্যয় সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা সম্ভব। ইতোমধ্যে কিছু কাঁঠাল এবং সুপারি চারা গত ১৬ জুন ২০২৩ তারিখে রোপণ করা হয়েছে।<br>(২) উক্ত জায়গায় প্রবেশের জন্য বর্তমানে দুরবর্তী স্থান (২/৩ কিমি ঘুরে এসে) দিয়ে প্রানিসম্পদ গবেষণা প্রতিষ্ঠানের অনুমোদন সাপেক্ষে প্রবেশ করতে হয়। ফলে দৈনন্দিন পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করার জন্য প্রবেশের নিমিত্ত হাইওয়ের পাশে একটি ফটক (সুরক্ষিত) নির্মাণ করা জরুরী।<br>এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। ইনস্টিটিউটের জন্য অতিরিক্ত পাওয়া ৩.৩৮ একর জায়গায় প্রবেশের নিমিত্ত হাইওয়ের পাশে একটি ফটক (সুরক্ষিত) নির্মাণ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত পাওয়া ৩.৩৮ একর যায়গায় বৃক্ষরোপণ করা যেতে পারে।<br><br>ইনস্টিটিউটের জন্য অতিরিক্ত পাওয়া ৩.৩৮ একর জায়গায় প্রবেশের নিমিত্ত হাইওয়ের পাশে একটি ফটক (সুরক্ষিত) নির্মাণ করতে হবে। | মহাপরিচালক ও<br>সদস্য সচিব<br>নির্বাহী কাউন্সিল |



CamScanner

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/০৬/২০২৩
ড. মহিউদ্দীন আহমেদ
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
সভাপতি, নির্বাহী কাউন্সিল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.shniyd.gov.bd

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০০২.১৯- ১৮৭০

তারিখ: ২০ আষাঢ় ১৪৩০ / ০৪ জুলাই ২০২৩

**জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। কাজী মোশতাক জহির, যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব জাফর আহম্মদ জাহাঙ্গীর, যুগ্মসচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
০৩। জনাব মোঃ শাহীনূর রহমান, এমডিএস, বিপিএটিসি, সাভার, ঢাকা।
০৪। জনাব মোহাম্মদ আজাদ ছাল্লাল, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। জনাব মোঃ আতাউর রহমান, যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সৈয়দা নওয়ারা জাহান, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭। জনাব মোহাম্মদ হাবিবুর রহমান, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। জনাব মোঃ আমিন হেলালী, ভাইস প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ঢাকা।
০৯। জনাব মুহাম্মদ রেজাউল কবীর, যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অধ্যাপক ড. জেবউননেছা, লোক প্রশাসন বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
১১। ড. সুলতান মাহমুদ ভূইয়া, পরিচালক, ইউজিসি, ঢাকা।
১২। জনাব মুফিদুল আলম, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, উপসচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। জনাব সোহেলা নাসরীন, সহকারী সচিব, শিল্প মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪.৭.২০২৩

আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
ও
সদস্য সচিব, নির্বাহী কাউন্সিল
ফোন : ০২-২২৪৪২৬০৩০
ই-মেইল : dgshniyd@shniyd.gov.bd